## ১নং সৃজনশীল প্রশ্নঃ

সুবল নানাবাড়ি বেড়াতে গেলে সেখানে নতুন অনেক কিছু সাথে তার পরিচয় হয়। সে নদীতীরে বসে চারপাশের সৌন্দর্য মন ভরে দেখে। কৃষকের ধানকাটাকা দেখে রাখালের মেষ চরানো দেখে। আকাশে মেঘ দেখা দিলে রংধনু দেখে । নতুন অনেক পাখি দেখে যা আগে সে দেখেনি। সে ভাবে আরও আগে নানাবাড়ির আসল না কেন?

ক. ঘাটের কাছে কী বাধা আছে?

খ. ভাটা বলতে কী বোঝ?

গ. উদ্দীপকের সুবল কবিতায় কীভাবে উপস্থিত তার সাদৃশ্য দেখাও।

ঘ. প্রকৃতি সকল অজানাকে জানতে সাহায্য করে উক্তিটি কতটুকু সত্য ব্যাখ্যা কর।

## ১নং সৃজনশীল প্রশ্নের উত্তরঃ

ক. ঘাটের কাছে নৌকা বাধা আছে।

খ. জোয়ারে উপরের দিকে ওঠা পানি নেমে যাওয়াকে ভাটা বলে।

চাদও সূর্যের শক্তির আকর্ষন থাকে। এ আকর্ষনের ফলে সমুদ্র বা নদীতে পানি বেড়ে যায় আবার অবস্থা স্বাভাবিক হলে পানি নেমে যায়। নেমে যাওয়া পানির অবস্থাকেই ভাটা বলে।

গ. উদ্দীপকের সুবল কবিতায় নতুন কিছু শেখার আকাঙ্ক্ষায় কবিতায় উপস্থিত।

নতুন দেশ কবিতায় শিশু অনুভুতিতে প্রভুতি ছবির মতো সুন্দর হয়ে উঠেছে। প্রকৃতিতে নৌকা নদী জলের ধারা নারকেল গাছের সারি পাহাড় আকাশ বন ইত্যাদি শিশুটির কৌতুহলের বিষয়। এ উপাদানগুলো কীভাবে নিজ নিজ জায়গায় টিকে থাকে শিশুটি তা খেয়াল করে । এভাবে সে আর একটা নতুন দেশ দেখার চিন্তা করে ।এসবই তার শেখার বিষয় হয়ে ওঠে।

উদ্দীপকে সুবলনানাবাড়ি বেড়াতে যায়। যেখানে নদী কৃষক রাখাল রংধুন এসব দেখে সে সবকিছু নতুন মনে হয় তারকাছে। নতুন অনেক পাখি দেখে যা আগে দেখেনি। নতুন দেশ কবিতার আবহ উদ্দীপকে এভাবেই নতুন কিছু শেখার আকাঙ্ক্ষায় সাদৃশ্য তৈরি করে।

ঘ. প্রকৃতি সক লঅজানাকে জানতে সাহায্য করে উক্তিটির সম্পূর্ণ সত্য।

রবীনন্দ্রনাথ ঠাকুর রচিত নতুন দেশ কবিতায় শৈশবের অনুসন্ধানী দিকটি ফুটে উঠেছে। প্রকৃতি এখানে একমাত্র উপাদান্ কবিতায় বর্ণিত শিশুটি নদী নৌকা জলের ধারা পাহাড় বন নারকেল গাছের সারি এসব দেখে নতুন্ এক দেশের কল্পনা করে। শিশুমন কৌতুহলী তা্ই নিজের মতো করে অজানাকে জানার জন্য ব্যাকুল হয়। প্রকৃতি তখন তাকে সাহায্য করে।

উদ্দীপকে সুবল নানাবাড়ি বেড়াতে গেলে প্রকৃতি তাকে মুগ্ধ করে। সে নদীতীরে বসে থাকে কৃষকের ধানকাটা রাখালের মেঘ চড়ানো দেখে। আকাশে রংধনু বা অচেনা পাখি দেখে। সে অনুভুতি তার কাছে নতুন লাগে। তাই ভাবেআরও আগে কেন সে নানাবাড়ি গেল না। মুলত প্রকৃতি তাকে নতুন করে ভাবাতে সাহায্য করেছে।

কবিতায় যা আগ্রহের বিষয় ছিল শিশুটির কাছে তার সবই প্রাকৃতিক। উদ্দীপকেও সুবলের দেখা চারপাশের মুগ্ধতা ছিল প্রকৃতিকেঘিরে। উভয়ের কাছে প্রকৃতি অজানাকে জানার মাধ্যমে ছিল। সুতরাং প্রকৃতি সকল অজানাকে জানতে সাহায্য করে উক্তিটি সম্পূর্ণ সত্য।

## ২নং সৃজনশীল প্রশ্নঃ

সুমনের সিনেমা দেখার নেশা অনেক। দেশ বিদেশের নানা সিনেমা দেখে সে। সে মনে করে সিনেমার মাধ্যমে দেশ বিদেশের অজানা অনেক কিছুই জানা যায়। বিভিন্ন দেশের ইতিহাস ঐতিহ্য অভ্যাস ইত্যাদি সিনেমায় ঘরে বসেই দেখা যায়। বিশ্বকে জানার জন্য সিনেমা সুমনের কাছে সেরা মাধ্যম।

ক. এশীয়াদের মধ্যে বাংলঅ সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার পান কে?

খ. সেখানেতে কেমন মানুষ থাকে কেমন বেশ বুঝিয়ে লিখ।

গ. উদ্দীপকে সুমনের সিনেমা দেখার নেশার সাথে কবিতায় প্রাসঙ্গিক সাদৃশ্য নির্ণয় কর।

ঘ. উদ্দীপকটি অজানাকে জানার উৎস হলেও কবিতার থেকে পিছিয়ে তোমার মতে কতটুকু সত্য বিশ্লেষণ কর।

## ২নং সৃজনশীল প্রশ্নের উত্তরঃ

ক. এশীয়দের মধ্যে বাংলা সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার পান বিশ্বকবিও রবীন্দ্রনাথ ঠাকুর ।

খ. সেখানেতে কেমন মানুষ থাকে কেমন বেশে এ অংশটিত অজানা দেশে অজানা মানুষের প্রতি আকর্ষণে নতুন কিছু শেখার কৌতুহল আছে। শিশুটি ভাবছে মাঝনদীতে নৌকা ভাটার টানে কোথায় কোন দেশে চলে যাবে কে জানে। সে দেশের মানুষ কেমন হবে তাও সে জানে না। অজানা সে দেশের অজানা মানুষ নতুন কিছু শেখার প্রবল কৌতুহলের উপাদান।

গ. নিশার জানার কৌতুহলের সাথে কবিতায় শিশুটির কৌতুহলী স্বভাবের সাদৃশ্য বিদ্যমান্

কবিতায় শিশুটি প্রকৃতিতে নানা কিছুর রহস্য দেখে দেখে দিন কাটায়। নৌকা জলের ঢেউয়ে নাচে ভাটার টানে চলে যায়। সে নৌকা কোথায় কোন দেশে ভেসে যায় । সে নৌকা কোথায় কোন দেশে ভেসে যাবে বা সে দেমের মানুষ কেমন হবে এসব তার চিন্তার বিষয়। বাবা আপিসে কেন যায় বা কেন সে অজানা নতুন দেশে যায় না ভাবতে থাকে। প্রকৃতি শিশুটির কাছে রহস্য হয়ে আসে এবং সে কৌতুহলী হয়ে উত্তর খোজে।

উদ্দীপকে নিশা তার বাবাকে প্রশ্ন করে জানার জন। দিন কেনহয় রাত কীভাবে আসে মানুষ কেন অনেকদিন বাচে না এসব তার কৌতুহললের বিষয়। সে প্রশ্ন করে তার নিজের কৌতুহল থেকে কারণ সেসব তার কাছে রহস্যজনক। কবিতায় প্রকৃতির পালাবদলে শিশুটি যেভাবে কৌতুহলী উদ্দীপকে নিশাও বাবার কাছে জানতে চায় তার কৌতুহলী স্বভাব থেকে। সুতরাং স্বভাবগত ও দিকটি উদ্দীপক ও কবিতায় সাদৃশ্যের অংশ।

ঘ. কৌতহুল থাকলে জ্ঞান অর্জন সম্ভব উক্তিটি যথার্থ।

নতুন দেশ কবিতায় বর্ণিত শিশুটির কৌতুহল তার অজানার প্রতি আকর্ষনের অংশ। তার আকর্ষনের পিছনে উদ্দেশ্য জ্ঞান অর্জন অজানাকে জানার মধ্যে জ্ঞানার্জনের গুণ থাকে। নদীর প্রবাহে মিশে নৌকা কোন দেশে যায় বা সেখানকার মানুষ কেমন হবে এসব অজানাকে জানার কৌতুহল এ কৌতুহলের মধ্যে যে কার্যকারণ আছে তা জ্ঞানের পূর্বশত।

উদ্দীপকে নিশা তার বাবাকে প্রশ্ন করে দিন কেনহয় রাত কীভাবে আসে মানুষ কেন অনেক দিন বাচে না সব মানুষ কেন আলাদা চেহারার হয় ইত্যাদি। এ প্রশ্নগুলো সুনির্দিষ্ট এবং এ ধরনের প্রশ্নের সুনির্দিষ্ট জবাবও থাকে। প্রশ্ন ও উত্তর জ্ঞানার্জনের একটি প্রক্রিয়া।

কবিতায় শিশুটির আগ্রহ জ্ঞান অর্জনের প্রক্রিয়া। উদ্দীপকে নিশার প্রশ্নও জ্ঞানের প্রক্রিয়া। দুজনের প্রেক্ষাপট আলাদা হলেও লক্ষ জ্ঞানার্জন সুতরাং কৌতুহল থাকলে জ্ঞান অর্জন সম্ভব উক্তিটির যথার্থ।

## জ্ঞানমুলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্নঃ ১। নতুন দেশ কবিতাটির রচয়িতা কে?**

উত্তরঃ নতুন দেশ কবিতাটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

**প্রশ্নঃ ২। নতুন দেশ কবিতার উৎস কী?**

উত্তরঃ নতুন দেশ কবিতার উৎস রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম ভাগ।

**প্রশ্নঃ ৩। আপিস কী?**

উত্তরঃ আপিস হচ্ছে অফিস শব্দের কথ্য রুপ।

**প্রশ্নঃ ৪। বাবা কোন দেশে যায় না?**

উত্তরঃ বাবা নতুন দেশে যায় না।

**প্রশ্নঃ ৫। নারিকেলের বনগুলি দাড়িয়ে আছে কোথায়?**

উত্তরঃ নারিকেলের বনগুলি দাড়িয়ে আছে সাগরের পারে।

**প্রশ্নঃ ৬। কী ডিঙিয়ে যেতে হয়?**

]উত্তরঃ বরফ ভেঙে ডিঙিয়ে যেতে হয়।

**প্রশ্নঃ ৭। নৌকা জলের ঢেউয়ে কী করে?**

উত্তরঃ নৌকা বাধা আছে নদীর ঘটে।

**প্রশ্নঃ ৮। বাংলা সাহিত্যের সকল শাখা কার অবদানে সমৃদ্ধ হয়েছে?**

উত্তরঃ বাংলা সাহিত্যের সকল শাখা রবীন্দ্রনাথ ঠাকুরের অবদানে সমৃদ্ধ হয়েছে।

**প্রশ্নঃ ৯। নীল আকাশের মাঝে সকী সাজে?**

উত্তরঃ নীল আকাশের মাঝে পাহাড় চুড়া থাকে।

**প্রশ্নঃ ১০। শ্রীনিকেতন ওবিশ্বভান্ডারী প্রতিষ্ঠতা কে?**

উত্তরঃ শ্রীনিকেতন ও বিশ্বভান্ডারী প্রতিষ্ঠতা রবীন্দ্রনাথ ঠাকুর।

## অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্নঃ ১। বাবা কেন আপিসে যায়**

**যায় না নতুনদেশে?ব্যাখ্যা কর।**

উত্তরঃ অজানাকে জানার আগ্রহ বাবার মধ্যেও শিশুটি দেখতে চায়।

নতুনদেশ কবিতায় একটি শিশুর অজানাকে জানবার কৌতুহল প্রকাশ পেয়েছে। প্রকৃতির সৌন্দর্য দেখে সবাই মুগ্ধ হয়। কিন্তু শিশুটির বাবা তা দেখা থেকে বিমুখ। শিশুটির বাবা প্রতিদিন অফিসে যায়। তাই অপরুপ সৌন্দর্য না দেখায় শিশুটির মনে প্রশ্ন জাগে। এত সুন্দর প্রকৃতি যা সবার দেখা উচিত ছিল। তাই অজানাকে জানার আগ্রহ বাবার মধ্যে শিশুটি দেখতে চায়।

**প্রশ্নঃ ২। অমনি করে যাই ভেসে ভাই**

**নতুন নগর বনে। এই পঙক্তিতে কী বোঝানো হয়েছে।**

উত্তরঃ নৌকার মতো ভেসে ভেসে নতুন দেশ ও নতুন পরিবেশ দেখার তীব্র আকাঙ্গা প্রকাশ পেয়েছে।

নতুনদেশ কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর অজানাকে জানার আকাঙ্কার কথা তুলে ধরেছেন। প্রকৃতির অপার সৌন্দর্য দেখে আমাদের চোখ জুড়িয়ে যায়। নৌকা যেমন অজানার উদ্দেশ্যে পাড়ি দেয়। শিশুটির পাড়ি দিয়ে দেখতে চায় নতুন নগর ও পরিবেশ। তাই অজানাকে জানবার জন্য শিশুটি নৌকার মতো ভাসতে চায়।

**প্রশ্নঃ ৩। জানি না কোন দেশে বলতে কী বোঝানো হয়েছে?**

উত্তরঃ জানি না কোন দেশ বলতে নতুন দেশের প্রতি কৌতুহলকে বোঝানো হয়েছে।

রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নতুন দেশ কবিতায় ভাটার টানে নৌকার দুর দেশে চলে যাওয়ার বিষয়টি কবি অবতারণা করেছেন। নৌকা ভাটার টানে কোথায় যায় তা নিয়ে কৌতুহলের শেষ নেই শিশুটি । যেদেশে নৌক যাবে সেই দেশটা কেমন তাই নিয়ে কৌতুহল সৃষ্টি হয়েছে। সে দেশের সৌন্দর্য অপার বিস্ময়ে অপেক্ষা করছে। সুতরাং নতুন দেশের প্রতি এই ব্যাকুলতাকে বোঝাতে গিয়ে কবি জানি না কোন দেশ কথাটি বলেছেন।

**প্রশ্নঃ ৪। 'সেখানেতে কেমন মানুষ থাকে কেমন বেশে বুঝিয়ে লেখ।**

উত্তরঃ সেখানেতে কেমন মানুষ থাকে কেমন বেশে এ অংশটিতে অজানা দেশে অজানা মানুষের প্রতি আকর্ষনে নতুন কিছু শেখার কৌতুহল আছে। শিশুটি ভাবছে মাঝনদীতে নৌকা ভাটার টানে কোথায় কোন দেশে চলে যাবে কে জানে। সে দেশের মানুষ কেমন হবেতাও সে জানে না। অজানা সে দেশের অজানা মানুষ নতুন কিছু শেখার প্রবল কৌতুহল উপাদান।

**প্রশ্নঃ ৫। নতুন দেশ কী ধরনের চিন্তার উৎস বুঝিয়ে লেখ।**

উত্তরঃ নতুন দেশ সীমাহীন কৌতুহলও রহস্য উন্মোচনের উৎস।

নতুন সবকিছুর প্রতিমানুষের আকর্ষন চিরন্তন। নতুন দেশ কবিতায় শিশুর সরলতায় একটি অনুসন্ধানী দৃষ্টিভঙ্গি আছে। অসীম কৌতুহলের মাধ্যমে অজানাকে জানার আগ্রহ আছে এবং অজানা সবকিছুই রহস্যময় হয় । কবিতাটি তারই উৎস।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্নঃ

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

সুপ্রাচীন কাল থেকে আকাশে ওড়া নিয়ে নানারকম কল্পকাহিনী প্রচলিত আছে । প্রাচীন গ্রিসে প্রচলিত একটি গল্প এ রকম দাইদ্যলুসনামে এক বিখ্যাত মিস্ত্রি ও তার ছেলে আইকারুসকে বন্দি করে রেখেছিলেন রাজা মাইনস। জেল থেকে পালানোর প্রচেষ্টায় সমুদ্র পার হওয়ার জন্য দাইদ্যলুস তার নিজের ও ছেলের জন্য মোম দিয়ে পাখা তৈরি করেন। মিস্ত্রি মোমের পাখা দিয়ে নিরাপদে অবতরণ করলেও ছেলে উড়তে উড়তেচয়ে যায় সূর্যের কাছাকাছি। ফলে পাকা গলে সে পড়ে যায় সগারের বুকে। এই কল্পকাহিনীই একদিন মন্টগলফিয়ার ভ্রাতারে উদ্ধদ্ধ করে ওড়ার স্বপ্নকে সার্থক করতে। যারই ধারাবাহিকতায় বস্তবরুপ পায় আজকের উড়োজাহাজ। বস্তুত প্রতিটি আবিষ্কারের পেছনের রয়েছে মানুষের কৌতুহলী চেতনা।

ক. বাবা কোথায় যায়?

খ. নৌকা মাঝনদীতে যাওয়ার কারণ ব্যাখ্যা কর

গ. উদ্দীপকের কৌতুহলী চেতনা নতুন দেশ কবিতার কোন দিকটি ধারণ করে। ব্যাখ্যা কর।

ঘ. প্রতিটি আবিস্কারের পেছনেই রয়েছে মানুষের কৌতুহলী চেতনা মন্তব্যটি উদ্দীপক ও নতুন দেশ কবিতার আলোকে যাচাই কর।

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

নৌকা তোমার ঘাটে বাধা আছে
যাবে কী অনেক দুরে?
পায়ে পড়ি মাঝি সাথে নিয়ে চলো
মোরে আ ছোকানুরে।
আমারে চেনো না? আমি যে কানাই
ছোকানু আমার বোন।
তোমার সঙ্গে বেড়াবো আমরা
মেঘনা পদ্মা শোন।
সবগুলো নদী দেখাবে কিন্তু

আগে পদ্মায় চলো

দুপুরের রোদে ঝলমল জল

বয়ে যায় ছলোছলো।

ক. শিশুটি নাইতে গিয়ে কী  দেখে?

খ. ভাটা হয় কেন?

গ. উদ্দীপকে নতুন দেশ কবিাতর যে অনুভুতির ছায়াপাত আছে তা ব্যাখ্যা কর।

ঘ, বিষয়বস্তু ভিন্ন হলে উদ্দীপকও নতুন দেশ কবিতার মুলসুর এক। যৌক্তিক আলোচনা কর।

৩। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

কবিতা সপ্তম শ্রেণিতে পড়ে । এ  বছর শীতের ছুটিতে সে বাবা মায়ের সাথে সিলেটে বেড়াতে যাওয়ার জন্র বের হয়। গাড়িতে সে কৌতুহলবশত তার বাবা মাকে সিলেটের  প্রকৃতি সম্পর্ক নানা প্রশ্ন করতে থাকে। সিলেট সম্পর্কে  বাবামাযের বর্ণনা শুরু সে এবার নিজে নিজে কল্পনা করতে থাকে। তার কল্পনায় সিলেটের সবুজ চা বাগান সরু রাস্তা  ঝর্ণা নদী নদনদীর অপরুপ সৌন্দর্যের কথা চিন্তা করতে থাকে। গাড়ি গন্তব্য পৌছালে তার ভ্রম ভাঙে। বিশ্রাম নিয়ে পরদিন তার ঘুরতে বের হয়।  এ সময় সে বলে সিলেটের সৌন্দর্য তো কল্পনার চেয়ে সুন্দর । এই সৌন্দর্য বিমোহিত হয়ে সে আরও বেল বাংলাদেশ ছবির মতো সুন্দর দেশ।

ক. কোন বয়সের মানুষ সাধারণত কল্পনপ্রবণ হয়?

খ. মানুষ প্রকৃতি সম্পর্কে জানতে চায় কেন?

গ. উদ্দীপকের কবিতারমতো তোমার ভ্রমনের অভিজ্ঞতা আছে কী না ?  বর্ণনা কর।

ঘ. বাংলাদেশ ছবির মতো সুন্দর দেশ উক্তিটির বিশ্লেষণ কর।

৪। **নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

নদীর পরে নদী গেছে নদীর নাহি শেষ

কত অজানা  গা পেরিয়ে কত না জানা দেশ।

সাত সাগরের পণ্য চলে সওদাগরের নায়

চখায় মুখর বালুর চরা হাসে  কতই তীরে

ফুলের বনে রঙিন হয়ে যায় বা কভু ধীরে

কত মিনার সৌধ চুড়ার কোল ঘেষিয়ে যায়

কত নায়ের ভাটিয়ালির গানে উদাস হয়

নদীর পরে নদ চলে কোন অজানায় বয়ে।

ক. কারা দলে দলে বেড়ায়?

খ. নতুন দেশ  বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকে নতুন দেশ কবিতার কোন দিকটি উপস্থিত বর্ণনা কর।

ঘ. অজানাকে জীনার আকাঙ্কা শিশুমনের স্বাভাবিক প্রবণতা উদ্দীপক ও  নতুন দেশ কবিতার আলোকে মন্তব্যটির সত্যতা যাচাই কর।

## নতুন দেশ

১। রবী্ন্দ্রনাথঠাকুর কত বছর  বয়সে সংগীতের রচয়িতা কে?

ক. নজরুল ইসলাম   খ. রবীন্দ্রনাথা ঠাকুর

গ. সুকুরমার রায়   ঘ.গোরীপ্রসন্ন মজুমদার

২। রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় জন্মগ্রহন করেন?

ক. কাবুলে   খ. কলকাতায়

গ. বিলেতে   ঘ, দিল্লিতে

৩। বাংলাদেশের জাতীয় সংগীত কার লেখা?

ক. কাজী নজরুল ইসলামের

খ. আব্দুল গাফফার চৌধুরীর

গ. রবীন্দ্রনাথ  ঠাকুরের

ঘ. আববাসউদ্দীনের

৪। রবীন্দ্রনাথ ঠাকুর কতসালে জন্মগ্রহণ করেন?

ক. ১৮৬১   খ. ১৮৬২

গ. ১৮৬৩   ঘ. ১৮৬৪

৫। ছোপটদের জন্য লেখা রবীন্দ্রনাথের বিভিন্ন রচনা কী  নামে সংকলিত হয়েছে?

ক. কাবুলিওয়ালা   খ. শিশু

গ. কৈশোরক   ঘ. সঞ্চয়িতা

৬। রবীন্দ্রনাথ  ঠাকুর কোথায় ব্যারিস্টারি পড়তে  গিয়েছিলেন?

ক. দিল্লিতে   খ. কলকাতায়

গ. নেপালে   ঘ. বিলেতে

৭। রবীন্দ্রনাথ  ঠাকুর কত সালে মারা যান?

ক. ১৯৪১   খ. ১৯৪২

গ. ১৯৪৩   ঘ. ১৯৪৪

৮। রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে ব্যারিস্টার হন?

ক. পনেরো   খ. ষোল

গ. সতেরো   ঘ. আঠারো

৯। ভাটার টানে নৌকা কোথায় গেছে?

ক. মাঝনদীতে   খ. নদীর ওপারে

গ. অন্যগ্রাম   ঘ. সমুদ্রে

১০। নতুন নগর কোথায়?

ক. সাগরপাড়ে   খ. পাশের গ্রামে

গ. পাহাড়ের পরে   ঘ. নদীর পাড়ে

১১। শিশুর কল্পনায় নৌকায় করে মানুষ কোথায় যায়?

ক. হাটে   খ. গঞ্জে

গ. রংধনু   ঘ. পাহাড় চুড়া

১২। কেউ কী  পারে না?

ক. সাগর পাড়ি দিতে

খ. নৌকা বাইতে

গ. বরফ ভেঙে ডিঙিয়ে যেতে

ঘ. বনের ফুল সংগ্রহ করতে

১৩। নতুন পশু কোথায় দলে দলে ঘোরে?

ক. পাহাড়ে খ. নগরে

গ. বনে ঘ. দ্বীপে

১৪। রাত শেষে কী ভেসে যায়?

ক. পাখির ডাক খ. নৌকা

গ, জাহাজ ঘ. মেঘ

১৫। নদীর ঘাটের কাছে কী বাধা আছে?

ক. বজরা খ. নৌকো

গ. ভেলা ঘ. ট্রলার

১৬। নতুন দেশ কবিতার কবি কোথায় ভেসে যেতে চায়?

ক. নতুন দেশে খ. নতুনস্থানে

গ. নতুন নগরে ঘ. রঙিন দেশে

১৭। নৌকো কখন ভাসে যায়?

ক. রাতের শেষে খ. দিনের শুরুতে

গ. রাতের শুরুতে ঘ. দিনের শেষে

১৮। নীল আকাশের মাঝে কী সাজে?

ক. কালোমেঘ খ. সাদা মেঘ

গ. পাহাড় চুড়া ঘ. সূর্য

১৯ নারিকেলের বনগুলো কোথায় দাড়িয়ে আছে?

ক. নদীর তীরে খ. ঝাউবনে

গ. দুর সীমানায় ঘ. জলের ধারে

২০। রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বের সকল পিতার কী উম্মোচন করেছেন?

ক. স্নেহ প্রীতি

খ. সম্প্রীতি

গ. মঙ্গলচিন্তা

ঘ. পিতৃত্বের সর্বজনীন ও চিরন্ত রুপ

২১। রবীন্দ্রনাথ ঠাকুর কেন বিলেতে গিয়েছিলেন?

ক. ব্যারিস্টার পড়তে খ. চাকরি করতে

গ. সম্মননা নিতে ঘ. সম্মেলনে যোগদিতে

২২। রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় ব্যারিস্টারি পড়তে গিয়েছিলেন?

ক. দিল্লিতে খ. কলকাতায়

গ. নেপালে ঘ. বিলেতে

২৩। রবীন্দ্রনাথ  ঠাকুর কত সালে মারা যান?

ক. ১৯৪১ খ. ১৯৪২

গ. ১৯৪৩ ঘ. ১৯৪৪

২৪। রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে ব্যারিস্টার হন?

ক. পনেরো খ. ষোল

গ. সতেরো ঘ. আঠারো

২৫। নতুন দেশকবিতায় কেউ কী  করতে পারেনা?

ক. সমুদ্র ভেঙে ডিঙিয়ে যেতে

খ. বরফ ভেঙে ডিঙিয়ে যেতে

গ. পাহাড় চূড়ায চড়তে

ঘ. দুর সাগরে পাড়ি দিতে

২৬। নতুন দেশ কবিতায় বাধা কোথায় যায় না?

ক. নতুন নগরে খ. সমুদ্রতীরে

গ. নতুন দেশে ঘ. অপিসে

২৭। চাদ ও সূর্যের শক্তির আকর্ষণে  সমুদ্রে বা নদীতে বেড়ে ওঠা জরের কমে যাওয়াকে কী বলে?

ক. জোয়ার খ. ভাটা

গ, মরা কটাল ঘ. ভরা কটাল

২৮। সহজ পাঠ থেকে নেওয়া হয়েছে নিচের কোনটি?

ক. পাখি খ. নীলনদ আর পিরামিড

গ. নতুন দেশ ঘ. সাম্য

২৯। সহজ পাঠের কোন ভাগ থেকে নতুন  দেশ কবিতাটি  নেওয় াহয়েছে?

ক. প্রথম ভাগ খ. দ্বিতীয় ভ াগ

গ. তৃতীয় ভাগ ঘ. চতুর্থ ভাগ

৩০। নতুন দেশ কবিতাটির কবি কে?

ক, রবীন্দ্রনাথ ঠাকুর

খ. কাজী নজরুল ইসলাম

গ. শামসুর রাহমান

ঘ. জসীমউদ্দিন

৩১। অজানার প্রতি ব্যাকুলতা কার?

ক. শিশুর খ. বাবার

গ. মাঝির ঘ. জেলের

৩২। সাহিত্যের সকল শাখা তার অবদানে সমৃদ্ধ বলতেবোঝানো হয়েছে

ক. সুকুমার রায়কে খ. লীলা মজুমদারকে

গ. রবীন্দ্রনাথ ঠাকুরকে ঘ. জীবনানন্দ দাশকে

৩৩। সতেরো  বছর  বয়সে রবীন্দ্রনাথা বিলেতে  যাওয়ার কারণ

ক.  ভ্রমন খ. ব্যারিস্টারপড়া

গ. চাকির ঘ ব্যবসা

৩৪। দেশপ্রেমমূলক গান বলতে বোঝায়?

ক. দেশের গান খ ক্ল্যাসিকাল পড়া

গ. পপগান ঘ. আধুনিক গান

৩৫। সুরকার বলা হয়

ক. যিনি কোনো গানের কথা ব ে লছেন

খ. যিনি গানের সুর করেন

গ. যিনি কবিতা ে লখন

ঘ. যিনি কবিতা আবৃত্তি করেন

৩৬। নতুন দেশ সম্পর্কে শিশুর মনে প্রশ্ন জাগায় কারণ

ক. কখনো দেখেনি তাই

খ. অনেক গল্প শুনেছে তাই

গ. সবাই ভয় পায় তাই

ঘ, কেউ নতুন দেশে যায় না তাই

৩৭। নদীরঘাটে বাধা নৌকা নেচে ওঠে কেন?

ক. বাতাসে খ, ঝড়ে

গ. বৃষ্টিতে ঘ ঢেউয়ে

৩৮। নতুন দেশ কবিতায় মাঝনদীতে নৌকো চলার কারন

ক, জোয়ারে পড়ে খ, ভাটার টানে

গ. স্রোতের টানে ঘ বাতাসের টানে

৩৯। থাকি ঘরের কোণে

সাধ জাগে মোর মনে উক্তিটির মাধ্যমেযে সাধের কথা বোঝানো হয়েছে

ক. অজানাকে জানার খ. নদীর তীরে বসে বাজার

গ. গ্রামের প্রকৃতিকে দেখার ঘ. সমুদ্রতীরে পদচারণ

৪০। ভাটা বলতে বোঝায়?

ক. শক্তির আকর্ষণে নদীর জল কমে যাওয়াকে

খ, শক্তি আকর্ষণে নদীল জল বৃদ্ধি পাওযাকে

গ. ভরা কটালে কারনে

ঘ, মরা কটালের কারণে

৪১। ভাটা হয় কেন?

ক. চাদও পৃথিবীর আকর্ষণে

খ. পৃথিবী সুর্যকে আকর্ষন করে

গ. চাদ ও সূর্যের আকর্ষণে

ঘ. চাদ ও সূর্যের বিকর্ষণে